# বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়
**ডাকবাক্স নং-৩২৫**
**ঢাকা।**

**ডিপোজিট ইন্স্যুরেন্স ডিপার্টমেন্ট**

Website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd


তারিখ: ২৩ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
৮ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

**ডিআইডি সার্কুলার লেটার নম্বর- ০২/২০২১**

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**আমানত বীমা প্রিমিয়াম নির্ধারণী সংক্রান্ত বিস্তারিত তথ্য দাখিল প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৫ জুলাই, ২০১৩ তারিখের ডিআইডি সার্কুলার নং-০৪/২০১৩ ও ২৩ ডিসেম্বর, ২০২০ তারিখের ডিআইডি সার্কুলার লেটার নং-০১/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লেখিত সার্কুলার ও সার্কুলার লেটার অনুসারে আমানত বীমা প্রিমিয়াম হিসাবায়নের লক্ষ্যে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংককে তাদের আমানত বীমা প্রিমিয়াম নির্ধারণী সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী ষান্মাষিক ভিত্তিতে নির্ধারিত ছকে অত্র বিভাগে দাখিলের নির্দেশনা রয়েছে। তবে সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে যে, কতিপয় ব্যাংক কর্তৃক ষান্মাষিক ভিত্তিতে প্রেরিত বিবরণীতে ভুল তথ্য প্রদান/ভুলভাবে বিবরণী দাখিল করা হচ্ছে, যা কাঙ্ক্ষিত নয়।

আমানত বীমা প্রিমিয়াম যথার্থভাবে নির্ধারণীর স্বার্থে, আগামী ষান্মাসিক হতে অর্থাৎ ৩১ ডিসেম্বর, ২০২১ ভিত্তিক আমানত বীমা প্রিমিয়াম নির্ধারণী বিবরণী দাখিলের সময় Deposit from Banks, Deposit with Other Banks, Borrowing from Banks এবং Government Deposit এর ব্যাংক ও প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য দাখিলের জন্য আপনাদের নির্দেশনা দেয়া যাচ্ছে। এসংক্রান্ত তথ্য প্রয়োজনীয় ক্ষেত্রে অবশ্যই Reconcilation করার পর প্রদান করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,


(দিপ্তী রাণী হাজরা)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৪৩
E-mail: dipti.hazra@bb.org.bd